দৈনিক সংবাদ ১৪/৫

পৃঃ ১৬ কলাম

### কাপ্তাইয়ে এইচএসসি পরীক্ষা কেন্দ্রে হাঙ্গামা

# পুলিশের গুলি ॥ ইউএনও'র গাড়িতে হামলা কেন্দ্র ভাঙচুর ॥ বহিষ্কার ২০ জন

**কাপ্তাই থেকে আবুল কালাম আজাদ ঃ** ত ১২ই মে অনুষ্ঠিত এইচএসসি ইংরেজি য় পত্রের পরীক্ষা গ্রহণশেষে কাপ্তাই পজেলার কর্ণফুলী পেপার মিল উচ্চ দ্যালয় ও কলেজ কেন্দ্রে ব্যাপক হাঙ্গামা, াঙচুর এবং পুলিশের ফাঁকা গুলিবর্ষণের টনা ঘটেছে। এ কেন্দ্র থেকে ২০ জন রীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নকল তিরোধে কঠোর পদক্ষেপ গ্রহণ করার রিপ্রেক্ষিতে অতিরিক্ত কড়াকড়ি আরোপের ফলে ইংরেজি ২য় পত্রের পরীক্ষা শেষ হওয়ার পরপরই এ অপ্রীতিকর ঘটনার শুরু হয়। পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে পরীক্ষার্থীরা একযোগে পরীক্ষক, টিএনও এবং পুলিশের ওপর হামলা চালায় এবং পরীক্ষা কেন্দ্রের বেঞ্চ, দরজা-জানালা ও জানালার কাঁচ ভাঙচুর করে। কেন্দ্র ভাঙচুরে ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় অর্ধ লাখ টাকা। পরীক্ষার্থীরা অনবরত পুলিশের প্রতি ইট-পাটকেল নিক্ষেপ করতে থাকে। এক পর্যায়ে ক্ষুব্ধ পরীক্ষার্থীরা কেন্দ্রে অবস্থানরত কাপ্তাই উপজেলা নির্বাহী কর্মকর্তার জিপ ভাঙচুর করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ লাঠিচার্জ, টিয়ার গ্যাস সেল নিক্ষেপ ও ফাঁকা গুলিবর্ষণ করে।

এ ঘটনায় উপজেলা নির্বাহী কর্মকর্তা কাপ্তাই থানায় সাধারণ ডায়েরি লিপিবদ্ধ করেছেন। এরপরও যথারীতি এই কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।